

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ
আইসিটি শাখা



www.naogaon.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৩.৬৪০০.১২০.০২.০০৪.২২.৭৭

তারিখ: ১৫ বৈশাখ ১৪২৯

২৮ এপ্রিল ২০২২

বিষয়: বিভাগীয় শহরে ইনোভেশন শোকেসিং ২০২২ এ প্রদর্শনের জন্য সেরা উদ্ভাবনী উদ্যোগসহ বাস্তবায়নকারীর নামের তালিকা প্রেরণ।

সূত্র: বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এর আইসিটি শাখার ২১ এপ্রিল ২০২২ তারিখের ০৫.৪৩.০০০০.০১৭.০২. ০০৩.২২.৩০ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে বিভাগীয় শহরে ইনোভেশন শোকেসিং ২০২২ এ প্রদর্শনের জন্য এ জেলা হতে সেরা উদ্ভাবনী উদ্যোগসহ বাস্তবায়নকারীর নামের তালিকা মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

জে লার না ম	ক্র: নং	প্রকল্প/ উদ্যোগের নাম	প্রকল্প/ উদ্যোগ বাস্তবায়নকারীর নাম, পদবী ও ঠিকানা	মোবাইল নং ও ই-মেইল	ওয়ানপেজার (প্রকল্পের বিবরণ)
----------------------	------------	--------------------------	--	-----------------------	------------------------------

নও গাঁ	১ আর্টিফিশিয়াল ইনটেলিজেন্স (AI) ব্যবহারের মাধ্যমে রোবটের সাহায্যে স্বয়ংক্রিয় পদ্ধতিতে মাছ /চিংড়ি খামার সিস্টেম	জনাব মোঃ আব্দুস সালাম, উপজেলা মৎস্য কর্মকর্তা, বদলগাছী, নওগাঁ।	০১৭১১-২৩৮৭৫৩ asalammdof3 4 @gmail.com	<p>সমস্যা ও উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা ক্রমান্বয়ে জলাশয়ের আয়তন হ্রাস ও দেশে/বিদেশে মাছ -চিংড়ির ব্যাপক চাহিদা থাকায় অল্প জায়গায় অধিক ঘনত্বে মাছ চাষ সময়ের দাবী। কিন্তু সঠিক ব্যবস্থাপনার অভাবে অধিক ঘনত্বের পুকুর/ঘেঁরে পানির গুণাগুণ নষ্ট হয়ে মাছ/চিংড়ির মড়ক দেখা দেয়। তাছাড়া মাছের কাঙ্ক্ষিত খাদ্য পরিমাণ নির্ণয় ও সঠিক সময়ে খাদ্য প্রয়োগ করতে না পারায় খাদ্যের অপচয় হয়। ফলে মাছ চাষীরা ব্যপকভাবে ক্ষতিগ্রস্ত হয়। এই ডিভাইসটি পানির প্যারামিটার অটোমেটিক কন্ট্রোল ও কি পরিমাণ খাদ্য লাগবে তা নির্ণয় এবং যথাসময়ে স্বয়ংক্রিয়ভাবে খাদ্য, চুন, সার ও অন্যান্য সামগ্রী প্রয়োগ করে মাছের মড়ক ও খাদ্য অপচয় রোধ করবে এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে মৎস্য সেক্টরকে যান্ত্রিকীকরণে ভূমিকা রাখবে।</p> <p>সংক্ষিপ্ত বিবরণ উদ্ভাবনী ডিভাইসটি কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করে সম্পন্ন নিয়ন্ত্রিত পদ্ধতিতে স্বয়ংক্রিয়ভাবে পানির বিভিন্ন প্যারামিটার(অ্যামিনিয়া,পিএইচ,অক্সিজেন,হার্ডনে স) এর রিডিং নিয়ে একশন ইউনিটকে ডিরেকশন দিবে এবং একশন ইউনিট সিগনাল পেয়ে দ্রুত পানিতে প্রয়োজনীয় দ্রব্যাদি প্রয়োগের মাধ্যমে প্যারামিটারের কমবেশিকে নিয়ন্ত্রণ করে মাছ/চিংড়ি চাষের আদর্শ মাত্রায় আনবে। একই সাথে চাষীদের নোটিফিকেশন দিবে যে পানির গুণাগুণ আদর্শ মাত্রায় আছে। তাছাড়া খাদ্য নির্ণয় ইউনিট কি পরিমাণ খাদ্য লাগবে তা নির্ণয় করবে ও নির্দিষ্ট সময় পর পর খাদ্য,চুন ও অন্যান্য সামগ্রী প্রয়োগ করবে।</p> <p>প্রত্যাশিত ফলাফল (TVC) ডিভাইসটির স্বয়ংক্রিয়ভাবে দ্রুত ও কার্যকরী প্রদক্ষেপে পানির প্যারামিটারের কম/আধিক্যের কারণে মাছ/চিংড়ির অনাকাঙ্ক্ষিত মড়ক হবে না। ঘেঁরে বসে চাষীরা নিশ্চিত অধিক ঘনত্বে মাছ/চিংড়ি চাষ করে অধিক লাভমান হবে। ভাল পরিবেশে মাছ/চিংড়ির উৎপাদন বৃদ্ধি পাবে। খাদ্য,সার ও অন্যান্য সামগ্রী প্রয়োগে বাড়তি খরচ না হওয়া লাভের অংশ অনেক বাড়বে। অর্থাৎ সম্পন্ন নিয়ন্ত্রিত উপায়ে স্বল্প সময়ে অল্প জায়গায় অধিক ঘনত্বে (Ultra intensive culture) মাছ /চিংড়ি চাষ করে মাছ/চিংড়ি খামারিা অধিক লাভবান হবে এবং মৎস্য চাষীর সময়,খরচ ও ভিজিট কমে যাবে।</p>
-----------	--	---	--	---

২	আত্রাই অনলাইন হেল্পডেস্ক	মোঃ ইকতেখারুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, আত্রাই, নওগাঁ।	০১৭৩০-৪৬০০১৬ unoatrai @mopa.gov.bd	আত্রাই অনলাইন হেল্পডেস্কের সাহায্যে খুব সহজে ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার করে সকল সেবা দেওয়া যাবে। এতে সেবাপ্রার্থীর সময় ও ভাগোন্তি কমে যাবে। এই প্ল্যাটফর্মে ডাটাবেইজ সংরক্ষণ করা ও প্রদত্ত সেবার তথ্য ট্র্যাক রাখা যাবে। স্মার্ট আন্তঃদপ্তর যোগাযোগের মাধ্যমে সেবা সমন্বয় করা সম্ভব হবে।
৩	মোবাইলভিত্তিক কৃষি সেবা পরিচিতিকরণ	জনাব মোঃ তৌফিক আল জুবায়ের, উপজেলা কৃষি অফিসার, ধামইরহাট, নওগাঁ।	০১৭১৭-৩৩১০৪৭ tofique010 @gmail.com	কৃষি সেবা সংশ্লিষ্ট বিভিন্ন অ্যাপ (কৃষকের জানালা, বিআরকেবি ইত্যাদি) ডাউনলাডে/ শেয়া র করে কৃষকের মাবোইলে ইনস্টল করা, বিভিন্ন প্রতিষ্ঠানের ওয়েবসাইট ব্যবহার, বিভিন্ন সময়ে কৃষক ভাইদের করণীয় বিষয়ে কৃষি ক্ষুদে বার্তা মাবোইলে প্রেরণ।

খালিদ মেহেদী হাসান

২৮-৪-২০২২

খালিদ মেহেদী হাসান, পিএএ

জেলা প্রশাসক

ফোন: +৮৮০৭৪১-

ফ্যাক্স: +৮৮০৭৪১-৬২৪৯৯

ইমেইল: dcnaogaon@mopa.gov.bd

বিভাগীয় কমিশনার

বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী